

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১০৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে হাদীস কোন কোন আলিমকে এই সংশয়ে ফেলে দেয় যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এই নির্দেশ মুস্তাহাব নির্দেশক; ফরয নির্দেশক নয়

ذِكْرُ خَبَرِ أَوْهَمَ عَالِمًا مِنَ النَّاسِ أَنَّ هَذَا الْأَمْرَ الَّذِي ذَكَرْنَاهُ أَمْرُ فَصِيلَةٍ لَا فريضة

আরবী

2108 _ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ بْنِ بُجَيْرٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى قَالَ: حَدَّثَنَا خَالِدُ بْنُ الْحَارِثِ قَالَ: حَدَّثَنَا حُمَيْدٌ عَنْ أَنسٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ قَالَ: حَدَّثَنَا حُمَيْدٌ عَنْ أَنسٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَتَاهُ الْقَوْمُ وَحَضَرَتِ الصَّلَاةُ فَصَلَّى بِهِمْ قَاعِدًا وَهُمْ قِيَامٌ فَلَمَّا حَضَرَتِ الصَّلَاةُ الْمُحْرَى ذَهَبُوا يَقُومُونَ فَقَالَ: (النَّتَمُّوا بِإِمَامِكُمْ وَإِنْ صَلَّى قَاعِدًا فَصَلُّوا قُعُودًا وَإِنْ صَلَّى قَاعِدًا فَصَلُوا قَعُودًا وَإِنْ صَلَلَى قَاعِدًا فَصَلُوا قَعُودًا وَإِنْ صَلَّى قَاعِدًا فَصَلُوا قَعُودًا وَإِنْ عَلَى

الراوي: أنس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2108 | خلاصة حكم المحدث: صحيح _ ((الإرواء)) (2/ 119).

বাংলা

২১০৮. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার এক সম্প্রদায়ের লোক রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আসেন, তখন সালাতের সময় হয়ে যায়, ফলে তিনি তাদের নিয়ে বসে সালাত আদায় করেন আর তারা ছিলেন দন্ডায়মান। অতঃপর যখন পরবর্তী সালাতের সময় হলো, তখন তারা সালাতের জন্য দাঁড়াতে উদ্যত হলে তিনি বলেন, "তোমরা তোমাদের ইমামের অনুসরণ করো; যদি তিনি বসে সালাত আদায় করেন, তবে তোমরা বসে সালাত আদায় করবে, আর যদি তিনি দাঁড়িয়ে সালাত আদায় করেন, তবে তোমরাও দাঁড়িয়ে সালাত আদায় করবে।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/২০০; সহীহ আল বুখারী: ৩৭৮; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৪০৪; মুসান্নাফ



ইবনু আবী শায়বাহ: ২/৩২৫; সহীহ মুসলিম: ৪১১; হুমাইদী: ১১৮৯; মুসনাদ আহমাদ: ৩/১১০; সহীহ আল বুখারী: ৮০৫; নাসাঈ: ২/১৯৫-১৯৬; ইবনু মাজাহ: ১২৩৮; আবূ আওয়ানা: ২/১০৫; ইবনুল জারূদ: ২২৯; সুনান বাইহাকী: ৩/৭৮; মুসান্নাফ আব্দুর রায্যাক: ৪০৭৮; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৪০৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ২/১১৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন